

ভারতে রাষ্ট্রীয় সফরে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী (অক্টোবর ২৪-২৭ ২০১৬)

নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী সম্মাননীয় মহামান্য জন কি আগামী সপ্তাহে ২৪-২৭ অক্টোবর, ২০১৬ ভারতে একটি রাষ্ট্রীয় সফর করবেন। তিনি নেতৃত্ব দেবেন একটি উচ্চ পর্যায়ের বাণিজ্যিক ও শিক্ষামূলক প্রতিনিধি দলকে। প্রধানমন্ত্রী জন কি-এর সফরসঙ্গী হবেন তাঁর স্ত্রী শ্রীমতি ব্রোনাং কি।

প্রধানমন্ত্রী কি মুগ্ধ পৌঁছবেন ২৪ অক্টোবর সন্ধ্যায়। মুগ্ধতাতে চেম্বার অফ কমার্সের সঙ্গে বন্ধে স্টক এক্সচেঞ্জ-এর আয়োজিত এক অনুষ্ঠানে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখবেন। জন কি এছাড়াও মহারাষ্ট্রের রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন। এছাড়াও প্রধানমন্ত্রী কি উপস্থিত থাকবেন নিউজিল্যান্ড-ভারত বাণিজ্যিক অংশীদারিত্বের নতুনত্ব উদ্ঘাপনের এক প্রদর্শনী অনুষ্ঠানে।

দিল্লিতে প্রধানমন্ত্রী কি একান্ত বৈঠক করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে এবং এর পর দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতির বিষয়ে সরকারি প্রতিনিধি পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত হবে। এছাড়াও প্রধানমন্ত্রী কি তাঁর সফরকালে রাষ্ট্রপতিজির সঙ্গে সাক্ষাৎ করবেন। প্রধানমন্ত্রী কি একটি বাণিজ্যিক সম্মেলনে যোগ দেবেন।

সফরের শেষভাগে প্রধানমন্ত্রী কি দিল্লি ছাড়বেন ২৭ অক্টোবর, যাবেন কোচিতে, যেখানে প্রধানমন্ত্রী কি এবং তাঁর প্রতিনিধি দল একটি ছোট সফর করবেন, পরিদর্শন করবেন নয়া কোচিন আন্তর্জাতিক টার্মিন্যাল, যার কাজ করছে নিউজিল্যান্ডের সংস্থা গ্লেজিপাথ।

প্রধানমন্ত্রী কি-এর সঙ্গী হবেন নিউজিল্যান্ড পার্লামেন্টের সদস্য, বিদেশমন্ত্রক, প্রতিরক্ষা এবং বাণিজ্য নির্বাচক কমিটির চেয়ারম্যান মার্ক মিচেল এবং সাংসদ কনওয়ালজিং সিং বকসি।

প্রধানমন্ত্রী কি'র শেষ ভারত সফর ২০১১ সালে। রাষ্ট্রপতিজি এই বছরের মে মাসে নিউজিল্যান্ড সফর করেন, এটাই ছিল কোনও ভারতীয় রাষ্ট্রপতির প্রথম নিউজিল্যান্ড সফর।

নয়াদিল্লি

অক্টোবর ২০, ২০১৬